

**২০২০**  
**বাংলা**  
**(প্রোগ্রাম)**  
**স্কিল এনহ্যাসমেন্ট কোর্স (SEC)**  
**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)**  
**তৃতীয় সেমেষ্টার**  
**কোর্স কোড : BENG-G-SEC-T-1**  
**(সাহিত্য পাঠ্যদান ও প্রয়োগ বৈচিত্র্য)**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ়ঙ্গলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের ছয় থেকে আট পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 5 = 10$ 

- ক) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রের প্রধান দুটি উদ্দেশ্য বলো।
- খ) আলোচনাচক্রের আলোচক কাকে বলা হয়? উপস্থাপক বলতে কি বোঝায়?
- গ) ‘মহেশ’ কি জাতীয় রচনা? এর লেখক কে?
- ঘ) ‘এই ভারতবর্ষে আসিয়া আমি ৮৮ বৎসর বাস করিলাম।’ — এখানে ‘আমি’ বলতে কাকে বোঝানো হয়েছে? কোন্‌ রচনার অংশ?
- ঙ) “রাজলক্ষ্মীকে কোথায় পাব? ও সব বানানো মিছে গল্প” — কে কোন্‌ বই সম্পর্কে একথা বলেছেন?

(পরের পাতায়)

চ) সহায়হরি চাটুজ্জে কোন্‌ গল্পের চরিত্র? ‘জীবনের লাবণ্যে ভরপুর হয়ে উঠেছে’ কে?

ছ) ‘আমার জীবন’ গল্পে রাসসুন্দরী দেবী যে বইগুলো পড়ার কথা বলেছিলেন তার মধ্যে দুটি বইয়ের নাম বলো।

জ) ‘ডাকঘর’ কি ধরনের নাটক? এই নাটকের একটি নারী চরিত্রের নাম বলো।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$ 

- ক) ‘শাস্তি’ গল্পের একটি সংক্ষিপ্ত নাট্যরূপদান করো।
- খ) ‘আমার জীবন’ গল্পের একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।
- গ) সাহিত্য বিষয়ক আলোচনাচক্রে বক্তা নির্বাচন কিভাবে করবে সে বিষয়ে তোমার মতামত দাও।
- ঘ) ‘মহেশ’ গল্পের নাট্যরূপদান করতে গিয়ে যেসব অসুবিধার সম্মুখীন হয়েছে তা নিজের ভাষায় বলো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$ 

- ক) ‘ডাকঘর’ — এই নাটকটির উপর একটি গ্রন্থ পর্যালোচনা নিজের ভাষায় উপস্থাপন করো।
- খ) ‘পুইমাচা’ গল্পের নাট্যরূপ নির্মাণ করো।
- গ) শ্রেণীকক্ষে সাহিত্য পাঠ্যদানের পদ্ধতিগুলো আলোচনা করো।
- ঘ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) গল্পের গঠনগত বৈশিষ্ট্য বিষয়ে একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।